৭৫

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 FEB 1997
পৃষ্ঠা ৫ কলাম ২-৩

# হল দখল নিয়া ছাত্রদলের দুই গ্রুপে বন্দুক যুদ্ধ ॥ গ্রেফতার ১

*বিশ্ববিদ্যালয় রিপোর্টার॥ গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের আভ্যন্তরীণ দুই গ্রুপের মধ্যে প্রায় অর্ধশত রাউন্ড গুলী বিনিময় হইয়াছে। একটি গ্রুপ সূর্যসেন হল দখল করিয়া লইলে সংঘর্ষের সূত্রপাত হয়। এই সন্ত্রাসী ঘটনার অব্যবহিত পরই পুলিশ বিশ্ববিদ্যালয়ের উত্তর অংশে ছাত্রদল নিয়ন্ত্রিত চারটি হলে তল্লাশী চালাইয়া গুলীভর্তি ১টি বিদেশী বন্দুকসহ একজনকে গ্রেফতার করিয়াছে। ইহাছাড়া পুলিশ হল হইতে একটি বন্দুকের নল, চাপাতি ও এক কেজি* (১১শ পৃঃ দ্রঃ)

## হল দখল নিয়া

(১ম পৃঃ পর)

বোমা তৈরীর পাউডার উদ্ধার করে। ঘটনায় প্রতিপক্ষ গ্রুপের হাতে দুই জন ছাত্রদল কর্মী প্রহৃত হয়।

জানা গিয়াছে, টাঙ্গাইল গ্রুপ ও প্রতিপক্ষ গ্রুপের মধ্যে কিছুদিন ধরিয়া কোন্দল চলিয়া আসিতেছিল। গতকাল দুপুরে টাঙ্গাইল গ্রুপের নেতা ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক মাইনুদ্দীন হাসান লিটন ও বেনজির টিটু প্রতিদ্বন্দ্বী গ্রুপকে বিতাড়িত করিয়া সূর্যসেন হল দখল করিয়া নেয়। তাঁহারা প্রতিদ্বন্দ্বী হল শাখার সভাপতি ড্যানী গ্রুপের দুই কর্মীকে মারধর করে। এই সময় ক্যাম্পাসে ছাত্রদলের সমাবেশ চলিতেছিল। সমাবেশে অবস্থানকারী ড্যানী খবর পাইয়া হলে আসিলে তাঁহাকে হলে প্রবেশ করিতে দেওয়া হয় নাই। উহার ক্ষণকাল পরেই কবি জসীমউদ্দিন হল হইতে একদল তরুণ গুলী ছুঁড়িতে ছুঁড়িতে জিয়াউর রহমান হলের দিকে অগ্রসর হইতে থাকিলে জিয়া হল হইতেও পাল্টা গুলী বর্ষিত হয়। এই সময় সূর্যসেন এবং বঙ্গবন্ধু হল হইতেও গুলী ছোড়া হয়। উহার পর পরই পুলিশ হল চারটি ঘিরিয়া ফেলিলে গোলাগুলী বন্ধ হইয়া যায়। পরে বেলা ২টা হইতে ৪টা পর্যন্ত পুলিশ হলগুলিতে তল্লাশী চালায়।

পুলিশ জিয়া হলের পাঁচতলার ছাদের সিঁড়ি হইতে বিদেশী বন্দুকসহ ছাত্রদল জহুরুল হক হল শাখার কর্মী আবদুল্লাহকেও কার্তুজসহ আরও ১ জনকে আটক করে। ইহা ছাড়া জসীম উদ্দিন হল হইতে ১টি বন্দুকের নল ও চাপাতি এবং বঙ্গবন্ধু হল হইতে বোমা তৈরীর এক কেজি পাউডার উদ্ধার করে। পুলিশ এই সময় হল হইতে কয়েকজন ছাত্রদল কর্মীকে আটক করিলেও পরে ছাড়িয়া দেয়।

সন্ধ্যায় ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদে ও সন্ত্রাসীদের গ্রেফতাদের দাবীতে ছাত্রলীগ টিএসসিতে মিছিল সমাবেশ করে।